দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 19 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 5

042

# প্রশ্নপত্র ফাঁস ঃ পটিয়ায় ভূগোল পরীক্ষা স্থগিত

(নিজস্ব সংবাদদাতা)

কুমিল্লা ১৮ই জুন।— চট্টগ্রাম-পটিয়া সরকারী কলেজ কেন্দ্রে আজ প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় আগামীকাল বিকালে অনুষ্ঠিতব্য অর্থনীতি ও বাণি-

(শেষ পৃ. ২-এর কঃ দ্রঃ)

## প্রশ্নপত্র ফাঁস

(প্রথম পৃঃ পর)

জ্যিক ভূগোল ২য় পত্রের পরীক্ষা কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড স্থগিত ঘোষণা করেছে।

পরীক্ষা নিয়ন্ত্রক সূত্রে জানা যায়, আজ বিকালে চট্টগ্রাম-পটিয়া সরকারী কলেজ কেন্দ্রে ১ম পত্রের পরীক্ষার সময় ভুলবশতঃ ২য় পত্রের প্রশ্ন পরীক্ষার্থীদের মধ্যে বিলি করা হয়।

পরে এসব প্রশ্ন তুলে নেয়া হলেও ৪টি প্রশ্নপত্র উদ্ধার করা সম্ভব হয়নি।

কুমিল্লা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানান, আগামীকাল বিকালে যে অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল ২য় পত্রের পরীক্ষা হবার কথা ছিল তা স্থগিত রাখা হয়েছে এবং এর তারিখ পরে জানানো হবে। অন্যান্য পত্রের পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে।